

পল্লী উন্নয়ন বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ জিয়াউল হক জিয়া
 ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট

সভার তারিখ : ২০/০৯/২০২২খ্রি.
 সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি পল্লী উন্নয়ন বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	পল্লী উন্নয়ন অফিস	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তর কর্তৃক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিতরণকৃত ঋণ আদায়ের গড় অগ্রগতি ৯০% ভাগ। এ ছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে।	০১) ঋণ আদায়ের হার শতভাগে উন্নীত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। ০২) দাপ্তরিক কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আক্কেলপুর উপজেলা
০২	উপজেলা সমবায় অফিস	উপজেলা সমবায় অফিসার জানান যে, তার বিভাগ কর্তৃক সমবায় সমিতি অডিট ও পরিদর্শন কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। করোনা পরিস্থিতির কারণে আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় কিছুটা ব্যহত হলেও বর্তমানে ঋণ আদায় শুরু হয়েছে।	০১) আবাসন ও আশ্রয়ণ প্রকল্প নিয়মিত পরিদর্শন করতে হবে। ০২) ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। ০৩) সমিতিগুলোর অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। ০৪) রেজিস্ট্রেশন বিহীন অবৈধভাবে গড়ে ওঠা সমিতিগুলোর কার্যক্রম বন্ধ করতে হবে।	উপজেলা সমবায় অফিসার আক্কেলপুর উপজেলা

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মোঃ জিয়াউল হক জিয়া)
 ভাইস-চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 আক্কেলপুর, জয়পুরহাট